# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো যখন সে আযান শুনবে, তখন মুয়াযি্যন যা বলে, সে-ও তা-ই বলবে, তবে হাইয়্যা ‘আলাস সালাহ ও হাইয়্যা ‘আলাল ফালাহ ব্যতীত

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِذَا سَمِعَ الْأَذَانَ يُسْتَحَبُّ لَهُ أَنْ يَقُولَ كَمَا يَقُولُ الْمُؤَذِّنُ خَلَا قَوْلِهِ: حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الفلاح

---

আরবী

1686 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَلِيٍّ الصَّيْرَفِيُّ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ حَبِيبِ بْنِ عَرَبِيٍّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَخْبَرَنَا مُجَمِّعُ بْنُ يَحيَى قَالَ: جَلَسْتُ إِلَى أَبِي أُمَامَةَ بْنِ سَهْلٍ فَجَاءَ الْمُؤَذِّنُ فَقَالَ: اللَّهُ أَكْبَرُ اللَّهُ أَكْبَرُ فَقَالَ أَبُو أُمَامَةَ مِثْلَ ذَلِكَ فَقَالَ: أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَقَالَ أَبُو أُمَامَةَ مِثْلَ ذَلِكَ فَقَالَ: أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ فَقَالَ أَبُو أُمَامَةَ مِثْلَ ذَلِكَ ثُمَّ الْتَفَتَ إِلَيَّ فَقَالَ: هَكَذَا حَدَّثَنِي مُعَاوِيَةُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي : مُجَمِّعُ بْنُ يَحْيَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1686 | خلاصة حكم المحدث: صحيح: خ (914).

বাংলা

১৬৮৬. মুজাম্মি‘ বিন ইয়াহইয়া রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আবূ উমামা বিন সাহল রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে বসে ছিলাম, এমন সময় মুয়াযি্যন আসেন এবং বলেন, “আল্লাহু আকবার আল্লাহু আকবার, (আল্লাহ সবচেয়ে বড়, আল্লাহ সবচেয়ে বড়।)”, তখন আবূ উমামা রাদ্বিয়াল্লাহু আনহুও তা-ই বলেন, যখন মুয়াযি্যন বলে, “আশহাদু আল্-লা ইলাহা ইল্লাল্লাহ, (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই।), তখন আবূ উমামা রাদ্বিয়াল্লাহু আনহুও তা-ই বলেন।, যখন মুয়াযি্যন বলে, “আশহাদু আন্না মুহাম্মাদার রাসূলুল্লাহ (আমি সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল), তখন আবূ উমামা রাদ্বিয়াল্লাহু আনহুও অনুরুপ বলেন। তারপর তিনি আমার দিকে তাকান এবং বলেন, “এভাবেই মু‘আবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের কাছে

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদীস বর্ণনা করেছেন।”[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৮৪৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২২৬; মুসনাদ আহমাদ: ৪/৯৫; সহীহ আল বুখারী: ৬১২; আবূ আওয়ানা: ১/৩৩৮; দারেমী: ১/২৭২; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৪৫; সুনান বাইহাকী: ১/৪০৯; সহীহ ইবনু খুযাইমাহ: ৪১৪; সহীহ আল বুখারী: ৯১৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ১৬৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুজাম্মি ইবনু ইয়াহইয়া আল আনসারী (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90901

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন